

বিশেষ প্রোগ্রাম প্রতিবেদন
শীত বস্ত্র বিতরণ

”শীতাত্ত মানুষের পাশে দিশা”



কামারজানী ইউনিয়ন, গাইবান্ধা সদর, গাইবান্ধা



www.disabd.org

বিশেষ প্রোগ্রাম ও আন্তর্জাতিক যোগাযোগ বিভাগ, দিশা

শীতর্ত মানুষের সহায়তায় দিশা

ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ ফর সোশাল এ্যাডভান্সমেন্ট (দিশা) কর্তৃক মানবিক সহায়তা হিসেবে নিজস্ব অর্থায়নে গাইবান্ধা সদরের কামারজানী মার্চেন্টস উচ্চ বিদ্যালয় মাঠে গত ০১/০২/২০১৮ ইং তারিখে ৩০০ পরিবারের মধ্যে ৩০০ প্যাকেট শীতবস্ত্র বিতরণ করা হয়। দিশা'র বিশেষ প্রোগ্রাম ও আন্তর্জাতিক যোগাযোগ বিভাগের সমন্বয়কারী জনাব মো: আবুল খায়ের এর তত্ত্বাবধানে এই বিশেষ কার্যক্রমটি বাস্তবায়ন করা হয়।

কাজটি বাস্তবায়নের পদক্ষেপসমূহ নিম্নরূপ:

১. **চাহিদা নিরূপন :** দিশার উর্ধ্বতন কর্মকর্তাগণ সভায় বসে সকলের মতামতের ভিত্তিতে গাইবান্ধা সদরের কামারজানী ইউনিয়নের নদী ভাঙ্গন কবলিত ৩০০ জন দুঃস্থ শীতর্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
২. **শীতবস্ত্র বিতরণের উদ্দেশ্যে যাত্রা :** সিদ্ধান্ত মোতাবেক গত ৩০/০১/২০১৮ ইং তারিখে প্রকল্প সমন্বয়কারী জনাব মো: আবুল খায়েরের তত্ত্বাবধানে ত্রাণ সামগ্রী নিয়ে জনাব দীপক কুমার চৌধুরী, রিসার্চ ফেলো সেন্টার ফর রিসার্চ এ্যাড ইনোভেশন, দিশা এবং রুবেন সরকার প্রকল্প সহকারী প্রশিক্ষণ ও যোগাযোগ বিভাগ গাইবান্ধা উপজেলার কামারজানী ইউনিয়নের উদ্দেশ্যে যাত্রা করেন।
৩. **উপকারভোগীদের তালিকা প্রস্তুতকরণ এবং শীতবস্ত্র বিতরণ:** গাইবান্ধা উপজেলার কামারজানী ইউনিয়নের ৪ টি ওয়ার্ডের ইউনিয়ন পরিষদ (ইউ. পি) মেম্বর, স্বাস্থ্যকর্মী, শিক্ষক ও ছাত্রদের সহায়তায় নদীভাঙ্গন কবলিত ৩০০ জন হতদরিদ্র পরিবার এর সদস্যদের তালিকা প্রস্তুত করা হয় এবং তালিকাভুক্ত উপকারভোগীদের মাঝে শীতবস্ত্র /ত্রাণ কার্ড বিতরণ করা হয়। এই কার্ড অনুযায়ী ৩০০ পরিবারকে সমপরিমাণ প্যাকেট শীতবস্ত্র বিতরণ করা হয়।

ক্রঃ নং	প্রতি প্যাকেটে শীতবস্ত্রের বিবরণ	পরিমাণ	মোট প্যাকেট
০১.	কম্বল (৫*৭)	০১ টি	৩০০টি
০২.	চাদর (পুরুষ)	০১ টি	
০৩.	চাদর (মহিলা)	০১ টি	

৪. **যাদের উপস্থিতিতে কাজটি সম্পাদিত হয়:** কামারজানী মার্চেন্টস উচ্চ বিদ্যালয় মাঠে গত ০১/০২/২০১৮ ইং তারিখে গাইবান্ধা উপজেলার কামারজানী ইউনিয়নের বাসিন্দা কামারজানী মার্চেন্টস উচ্চ বিদ্যালয় এর প্রধান শিক্ষক জনাব মোঃ ফারুকুল ইসলাম, ইউ. পি সদস্য ৪ নং ওয়ার্ড এর জনাব মোঃ মাজু আহম্মেদ, উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার জনাব উত্তম কুমার দেবগুপ্ত, ইউ. পি সদস্য ৩ নং ওয়ার্ড এর জনাব মোঃ সালামতুল্লাহ্ এবং কামারজানী ইউনিয়ন পরিষদের ডিজিটাল সেন্টার পরিচালক জনাব মোঃ মাহবুব হোসেন। দিশা সংস্থার পক্ষ থেকে উপস্থিত ছিলেন জনাব দীপক কুমার চৌধুরী, রিসার্চ ফেলো সেন্টার ফর রিসার্চ এ্যাড ইনোভেশন (সি. আর. আই) এবং রুবেন সরকার প্রকল্প সহকারী প্রশিক্ষণ ও যোগাযোগ বিভাগ। সকলের সক্রিয় অংশগ্রহণ ও উপস্থিতিতে ত্রাণ বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদিত হয়েছে। (শীতবস্ত্র বিতরণ কার্যক্রমের ছবি সংযুক্ত করা হলো- ২ পৃষ্ঠা)



বক্তব্য দিচ্ছেন জনাব দীপক কুমার চৌধুরী , রিসার্চ ফেলো সেন্টার ফর রিসার্চ এ্যান্ড ইনোভেশন, দিশা এবং বাম পাশ থেকে উপস্থিত আছেন কামারজানী ইউনিয়ন পরিষদের ডিজিটাল সেন্টার পরিচালক জনাব মোঃ মাহবুব হোসেন, কামারজানী ইউনিয়ন, গাইবান্ধা ।

গাইবান্ধা সদরের কামারজানী মার্চেন্টস উচ্চ বিদ্যালয় মাঠে শীতবস্ত্র গ্রহণের কার্ডধারী অপেক্ষমান মহিলা ও পুরুষগণ



বক্তব্য রাখছেন কামারজানী মার্চেন্টস উচ্চ বিদ্যালয় এর প্রধান শিক্ষক জনাব মোঃ ফারুকুল ইসলাম, বাম পাশ থেকে উপস্থিত আছেন কামারজানী ইউনিয়ন পরিষদের ডিজিটাল সেন্টার পরিচালক জনাব মোঃ মাহবুব হোসেন এবং দিশা সংস্থার জনাব দীপক কুমার চৌধুরী , রিসার্চ ফেলো । ডান পাশে উপস্থিত আছেন জনাব উত্তম কুমার দেবগুপ্ত, উপসহকারী কমিউনিটি

শীতবস্ত্র বিতরণ করছেন (ডান পাশ থেকে) কমিউনিটি মেডিকেল অফিসার জনাব উত্তম কুমার দেবগুপ্ত, কামারজানী ইউ. পি সদস্য ৩ নং ওয়ার্ড এর জনাব মোঃ সালামতুল্লাহ্ , কামারজানী মার্চেন্টস উচ্চ বিদ্যালয় এর প্রধান শিক্ষক জনাব মোঃ ফারুকুল ইসলাম, দিশা'র রিসার্চ ফেলো জনাব দীপক কুমার চৌধুরী , কামারজানী ইউনিয়ন পরিষদের ডিজিটাল সেন্টার পরিচালক জনাব মোঃ মাহবুব হোসেন ।



গাইবান্ধা সদরের কামারজানী মার্চেন্টস উচ্চ বিদ্যালয় মাঠ থেকে শীতবস্ত্র গ্রহন করে বাড়ি ফিরছেন শীতাত্ত মানুষ

শীতবস্ত্র বিতরণ করছেন (ডান পাশ থেকে) কামারজানী ইউ. পি সদস্য ৩ নং ওয়ার্ড এর জনাব মোঃ সালামতুল্লাহ্ , কামারজানী মার্চেন্টস উচ্চ বিদ্যালয় এর প্রধান শিক্ষক জনাব মোঃ ফারুকুল ইসলাম, দিশা'র রিসার্চ ফেলো জনাব দীপক কুমার চৌধুরী , কামারজানী ইউনিয়ন পরিষদের ইউ. পি সদস্য ৪ নং ওয়ার্ড এর জনাব মোঃ মাজু আহম্মেদ ।

